দৈনিক বাংলা

তাং 14 SEP 1995

পৃষ্ঠা ১ কলাম ৪

## টাকা ফেরত চাওয়ার বিড়ম্বনা

# ছাত্রদের উপর কোচিং সেন্টারের লোকদের হামলা ঃ আহত ১৫

**স্টাফ রিপোর্টার ঃ** বুধবার সকালে রাজধানীর তেজগাঁও থানাধীন ইন্দিরা রোডস্থ একটি কোচিং সেন্টারের লোকজনের হামলায় প্রায় ১৫ জন ছাত্র আহত হয়েছে। এরমধ্যে একজনের অবস্থা গুরুতর। পুলিশ জানায়, কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল ও বুয়েটে ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীরা কোচিং সেন্টারে প্রদানকৃত ফি'র টাকা ফেরত চাইতে গেলে এ ঘটনার সূত্রপাত ঘটে। বুধবার বেলা ১১টায় ইন্দিরা রোডস্থ "শুভেচ্ছা সেন্টার" এর মালিকের লোকজন ছাত্রদের উপর হামলা চালায়। এ ব্যাপারে তেজগাঁও থানায় মামলা হয়েছে। মামলা নম্বর ৯২১।

উল্লেখ্য, গত ৭ সেপ্টেম্বর সরকার

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ছাত্রদের উপর কোচিং

(প্রথম পৃষ্ঠার পর)

দেশের সকল সরকারী ও বেসরকারী কলেজ, মেডিক্যাল কলেজ, বুয়েট ও বিশ্ব বিদ্যালয়ে চলতি বছরে ভর্তির জন্য কোন ভর্তি পরীক্ষা প্রয়োজন হবে না বলে ঘোষণা দেয়। এ ক্ষেত্রে পূর্ববর্তী পাবলিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অর্থাৎ প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে ভর্তি করা হবে বলে ঘোষণায় উল্লেখ করা হয়।

এদিকে এই কোচিং সেন্টার মালিকের লোকদের হামলার প্রতিবাদে গোটা ফার্মগেট ইন্দিরা রোড ও গ্রীনরোড এলাকায় কয়েক হাজার ছাত্রছাত্রী এক বিরাট বিক্ষোভ মিছিলও বের করে। মিছিলকারীরা বেশ কয়েকটি কোচিং সেন্টারে গিয়ে ও তাদের জমা দেয়া ফি'র টাকা ফেরত দেয়ার দাবী জানায়। এবং ঐ সব কোচিং সেন্টারে তারা কিছুক্ষণের জন্য অবস্থান ধর্মঘটও করে। এক পর্যায়ে বিক্ষোভকারী ছাত্রছাত্রীদের দাবীর মুখে কোচিং সেন্টার এসোসিয়েশনের সভাপতি এম এ হালিম ছাত্রদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে ১৯ সেপ্টেম্বর থেকে ২০ দিনের মধ্যে সকল কোচিং সেন্টারে এ বছর জানুয়ারী থেকে নেয়া সকল টাকা ফেরত দেয়ার সিদ্ধান্ত হয়। এ ব্যাপারে আজ বৃহস্পতিবার পুনরায় আরেকটি বৈঠক হবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

প্রকাশ থাকে যে, বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপারে কোচিং এর নামে কোচিং সেন্টারগুলো গড়ে উঠে। গত কয়েক বছরে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে কোচিং সেন্টারের সংখ্যা বিপুলভাবে বৃদ্ধি পায়।

### শুভেচ্ছা কোচিং সেন্টার

এদিকে বুধবার রাত সাড়ে ১১টায় প্রেরিত শুভেচ্ছা কোচিং সেন্টার পরিচালক ডাঃ এম এ মান্নান এক বিজ্ঞপ্তিতে দাবী করেছেন যে, 'বুধবার দিনের বেলায় ছাত্র নামধারী কিছু উচ্ছৃংখল দুষ্কৃতকারী তার শুভেচ্ছা কোচিং সেন্টার ফার্মগেট শাখায় হামলা ও লুটপাট করে।'

এ ব্যাপারে রাতে তেজগাঁও থানায় যোগাযোগ করা হলে ডিউটি অফিসার জানান এ ঘটনায় কোন মামলা হয়নি।